



ADVERTISEMENT






**ব্যয় হচ্ছে সম্পূর্ণ দেশীয় তহবিলের ৫০০ কোটি টাকা**

# বরিশালসহ ১৮ জেলায় শিশু পরিবার ও ছোটমণি নিবাসের কাজ নির্ধারিত সময়ের আগেই সম্পন্ন করবে খুলনা শিপইয়ার্ড

নাছিম উল আলম

Share

২১ জুলাই ২০২৬, ১২:৩৬ পিএম | আপডেট: ২১ জুলাই ২০২৬, ১২:৩৬ পিএম



বরিশালসহ দেশের ১৮টি জেলা সদরে সমাজসেবা অধিদপ্তরের শিশু পরিবার ও ছোটমণি নিবাসের নির্মাণকাজ প্রায় ৭৫ ভাগ সম্পন্ন করেছে খুলনা শিপইয়ার্ড। সম্পূর্ণ দেশীয় তহবিলের প্রায় ৫০০ কোটি টাকা ব্যয়সাপেক্ষ এ প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণকাজ ২০২৮ সালের জুনের মধ্যে সম্পন্ন করার সময়সীমা নির্ধারিত থাকলেও আগামী বছরের ডিসেম্বরের মধ্যে সমুদয় কাজ সম্পন্ন করার আশাবাদ ব্যক্ত করেছেন শিপইয়ার্ড কর্তৃপক্ষ।

প্রকল্পটি বাস্তবায়িত হলে এতিমসহ বাবা-মায়ের স্নেহবঞ্চিত শিশুদের সাংবিধানিক অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি শিশু পরিবার ও ছোটমণি নিবাসীদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসন সুবিধা নিশ্চিত হবে। পাশাপাশি জীবনমানের উন্নয়ন এবং নিরাপত্তা, শিক্ষা ও প্রয়োজনীয় কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে এসব শিশুদের যথাযথভাবে শিক্ষিত করে দেশের সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যেই সম্পূর্ণ দেশীয় তহবিলে এ প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। Government








## এই বিভাগের আরও


গুজব ছড়িয়ে জারকিনে তেল মজুদের চেষ্টা, বাজার স্থিতিশীল রাখতে প্রশাসনের অভিযান


গাজীপুরের নাইম মাঝি হত্যা মামলার প্রধান আসামি আশুলিয়া থেকে গ্রেফতার


কালিয়াকৈরে হোটেলে ১০ ডাকাতের হামলা মোটরসাইকেল-চাপাতিসহ গ্রেফতার ১


নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী নারী অধিকারকে প্রাধান্য দিচ্ছে : সমাজকল্যাণ মন্ত্রী


যাত্রাবাড়িতে তরুণকে পিটিয়ে হত্যার অভিযোগ

আরও